



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
Website: www.blcollege.edu.bd



ফোন: +৮৮-০২৪৭৭৭০২৯৪৪
মোবাইল: +৮৮-০১৩৩৪৯৩৬৮০০
e-mail: info@blcollege@gmail.com

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

১। ভর্তির প্রাথমিক আবেদন ফরম অনলাইন হতে গ্রহণ: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এ

২৭/১০/২০২৬ থেকে ১৯/১১/২০২৬ খ্রি. রাত ১১:৫৯ টা পর্যন্ত।

২। অনলাইনে পূরণকৃত ভর্তির প্রাথমিক আবেদন, পেমেট স্লিপ শিক্ষার্থীর নিকট রাখতে হবে কলেজে জমাদানের কোনো প্রয়োজন নাই।

অনলাইনে পেমেট করার তারিখ ও সময়: ২৯/১০/২০২৬ হতে ২২/১১/২০২৬ খ্রি. (ব্যাংক সময় পর্যন্ত)

৩। ভর্তির বিষয়সমূহ:

এম এ # বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা

এমএসএস # রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান

এম বি এস # হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা

এমএস সি # পদার্থ, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত

৪। প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- টাকা "Sonali e Sheba" মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে অথবা <https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Application?eiin=116954> লিংকে প্রবেশ করে "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে।

৫। মাস্টার্স ১ম পর্বের ভর্তির আবেদনের যোগ্যতা:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ হতে ২০২৪ পর্যন্ত তিন বছর মেয়াদি স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারী প্রিলিমিনারি টু মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারি টু মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারি টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।


গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/ অধ্যয়নরত/ অন্য কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকার নামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ চূড়ান্ত ভর্তি করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাস (প্রাইভেট)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারি টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামের ভর্তির যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করার সুযোগ পাবে।

৬। ক্লাস শুরু: ২০/১২/২০২৬ খ্রি.

৭। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের নতুন সিলেবাস অনুযায়ী পাঠদান ও পরীক্ষা গ্রহণ করা হবে।


(প্রফেসর সাইফুল ইসলাম)
অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
২৬/১০/২৬